

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৮৮২ ৩১/ হৃদয়-গলানো উপদেশ পরিচ্ছেদঃ জান্নাতের বিবরণ

আরবী

وَعَنِ المُغِيرَةِ بِنِ شُعْبَةَ عَن رَسُولِ اللهِ عَلَيْ قَالَ سَأَلَ مُوسَى رَبَّهُ : مَا أَدْنَى أَهْلِ الجَنَّةِ مَنْزِلَةً ؟ قَالَ : هُوَ رَجُلٌ يَجِيءُ بَعْدَ مَا أَدْخِلَ أَهْلُ الجَنَّةِ الجَنَّةِ الجَنَّةَ فَيُقَالُ لَهُ : أُدْخُلِ الجَنَّةَ فَيُقَالُ لَهُ : أُدْخُلِ الجَنَّةَ فَيَقُولُ: أَيْ رَبِّ كَيْفَ وَقَدْ نَزَلَ النَّاسُ مَنَازِلَهُمْ وَأَخَذُوا أَخَذَاتِهِمْ ؟ فَيُقَالُ لَهُ : أَتَرْضَى أَنْ يَكُونَ لَكَ مِثْلُ مُلْكِ مِنْ مُلُوكِ الدُّنْيَا ؟ فَيقُولُ : رَضِيْتُ رَبِّ فَيقُولُ : لَكَ ذَلِكَ وَمِثْلُهُ وَمِثْلُهُ وَمِثْلُهُ وَمِثْلُهُ وَمِثْلُهُ مَلْكِ مَلِكُ مِنْ مُلُوكِ الدُّنْيَا ؟ فَيقُولُ : رَضِيْتُ رَبِّ فَيقُولُ : هَذَا لَكَ وَعَشَرَةُ أَمْتَالِهِ، وَمَثْلُهُ وَمِثْلُهُ وَمِثْلُهُ مَنْ اللّهَ عَيْنُكَ فَيقُولُ : رَضِيتُ رَبِّ فَيقُولُ : رَبِّ فَلَوْلُ : رَبِّ فَلَوْلُ اللّهُ مَنْزِلَةً ؟ وَلَكَ مَا اشْتَهَتْ نَفْسُكَ، وَلَذَّتْ عَيْنُكَ فَيقُولُ : رَضِيتُ رَبِّ قَالَ : رَبِّ فَلَهُمْ مَنْزِلَةً ؟ وَلَكَ مَا اشْتَهَتْ نَفْسُكَ، وَلَذَّتْ عَيْنُكَ فَيقُولُ : رَضِيتُ رَبِّ قَالَ : رَبِّ فَلَهُمْ مَنْزِلَةً ؟ وَلَكَ مَا اشْتَهَتْ نَفْسُكَ، وَلَذَّتْ عَيْنُكَ فَيقُولُ : رَضِيتُ رَبِّ قَالَ : رَبِّ فَلَاهُمْ مَنْزِلَةً ؟ قَالَ : أُولَئِكَ النَّذِينَ أَرَدْتُ ؛ غَرَسْتُ كَرَامَتَهُمْ بِيَدِي وَخَتَمْتُ عَلَيْهَا، فَلَمْ تَرَ عَيْنٌ، وَلَمْ تَرَعْنَ مَا أُذُنَّ، وَلَمْ يُخَطُرُ عَلَى قَلْبِ بَشَرٍ رواه مسلم

বাংলা

(৩৮৮২)মুগীরা ইবনে শু'বা (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ''মূসা সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বীয় প্রভুকে জিজ্ঞাসা করলেন, 'জান্নাতীদের মধ্যে সবচেয়ে নিম্নমানের জান্নাতী কে হবে?' আল্লাহ তাআলা উত্তর দিলেন, সে হবে এমন একটি লোক, যে সমস্ত জান্নাতীগণ জান্নাতে প্রবেশ করার পর (সর্বশেষে) আসবে। তখন তাকে বলা হবে, 'তুমি জান্নাতে প্রবেশ কর।' সে বলবে, 'হে প্রভু! আমি কিভাবে (কোথায়) প্রবেশ করব? অথচ সমস্ত লোক নিজ নিজ জায়গা দখল করেছে এবং নিজ নিজ অংশ নিয়ে ফেলেছে।'

তখন তাকে বলা হবে, 'তুমি কি এতে সম্ভুষ্ট যে, পৃথিবীর রাজাদের মধ্যে কোন রাজার মত তোমার রাজত্ব হবে?' সে বলবে, 'প্রভু! আমি এতেই সম্ভুষ্ট।' তারপর আল্লাহ বলবেন, 'তোমার জন্য তাই দেওয়া হল। আর ওর সমতুল্য, ওর সমতুল্য, ওর সমতুল্য (অর্থাৎ, ওর চার গুণ রাজত্ব দেওয়া হল)।' সে পঞ্চমবারে বলবে, 'হে আমার প্রভু! আমি (ওতেই) সম্ভুষ্ট।' তখন আল্লাহ বলবেন, 'তোমার জন্য এটা এবং এর দশগুণ (রাজত্ব তোমাকে দেওয়া হল)। এ ছাড়াও তোমার জন্য রইল সে সব বস্তু, যা তোমার অন্তর কামনা করবে এবং তোমার চক্ষু তৃপ্তি উপভোগ করবে।' তখন সে বলবে, 'আমি ওতেই সম্ভুষ্ট, হে প্রভু!'

(মূসা (আঃ)) বললেন, 'হে আমার প্রতিপালক! আর সর্বোচ্চ স্তরের জান্নাতী কারা হবে?' আল্লাহ তাআলা বললেন,



'তারা হবে সেই সব বান্দা, যাদেরকে আমি চাই। আমি স্বহস্তে যাদের জন্য সম্মান-বৃক্ষ রোপণ করেছি এবং তার উপর সীলমোহর অংকিত করে দিয়েছি (যাতে তারা ব্যতিরেকে অন্য কেউ তা দেখতে না পায়)। সুতরাং কোন চক্ষু তা দর্শন করেনি, কোন কর্ণ তা শ্রবণ করেনি এবং কোন মানুষের মনে তা কল্পিতও হয়নি।

ফুটনোট

(মুসলিম ৪৮৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ মুগীরা ইবনু শু'বা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন